

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫৪০(আগরতলা, ১১।৫)

উদয়পুর, ১১ মে, ২০১৮

তিনদিনের রাজর্ষি উৎসব শেষ হল

উদয়পুর পুরাতন রাজবাড়ী ভুবনেশ্বরী মন্দির প্রাঙ্গণে তিনদিন ব্যাপী আয়োজিত রবীন্দ্র জয়ন্তী অনুষ্ঠান ও রাজর্ষি উৎসব আজ শেষ হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। এছাড়া, উপস্থিত ছিলেন উৎসব কমিটির সভাপতি শীতল চন্দ্র মজুমদার, উৎসব কমিটির আহ্বায়ক তথা মহকুমা শাসক শুভাশীষ বন্দ্যোপাধ্যায় প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিধায়ক রঞ্জিত দাস। অনুষ্ঠানে পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, রাজর্ষি উৎসবের মধ্য দিয়ে জাতি, ধর্ম নির্বিশেষে সকলের ঐক্য ও সম্প্রীতিকে আরো সমৃদ্ধ করবে। রাজর্ষি উৎসবের সার্বিক সাফল্য কামনা করে বক্তব্য রাখেন রাজর্ষি উৎসব কমিটির সভাপতি শীতল চন্দ্র মজুমদার, মহকুমা শাসক শুভাশীষ বন্দ্যোপাধ্যায়, মাতাবাড়ী ব্লকের বিডিও সৌরভ দাস প্রমুখ। রাজর্ষি উৎসব উপলক্ষ্যে ৫টি বিভাগে বসে আঁকো, বিভিন্ন গ্রামীণ খেলাধুলা, কুইজ প্রতিযোগিতা, সেমিনার, রবীন্দ্র কবিতা আবৃত্তি বিষয়ক কর্মশালা, শিশুদের কবি প্রণাম, রবীন্দ্র চিত্রকলা বিষয়ক কর্মশালা, সাংস্কৃতিক অনুষ্ঠান ইত্যাদি অনুষ্ঠিত হয়েছে। এ বছর প্রদর্শনী মন্ডপ সজ্জায় প্রথম হয়েছে-কৃষি দপ্তর, দ্বিতীয় হয়েছে-বন দপ্তর এবং তৃতীয় হয়েছে-ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশন। অনুষ্ঠানের অতিথিগণ বিজয়ী দপ্তর ও সংস্থার প্রতিনিধিদের হাতে পুরস্কার তুলে দেন।
